

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৭২
জিরানীয়া, ৩ ফেব্রুয়ারি, ২০২৪

শিক্ষক শিক্ষিকাগণ মানুষ তৈরির কারিগর : পর্যটনমন্ত্রী

আমরা যে বিদ্যালয়ে লেখাপড়া করি সেই বিদ্যালয়কে কখনোই ভুলা যায় না। আজ রাণীরবাজার বিদ্যামন্দিরের ৭৫তম বর্ষপূর্তি উপলক্ষে দু'দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি বলেন, এই বিদ্যালয় থেকে অনেক কৃতি সন্তান পড়াশোনা করে সমাজে প্রতিষ্ঠিত হয়েছেন তাই এই বিদ্যালয়ের সুনামও রয়েছে। শিক্ষক শিক্ষিকাগণ হলেন মানুষ তৈরির কারিগর। তাদের হাতেই দেশের সুনামের তৈরি হয়। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী বিদ্যালয়ে লেখাপড়ার সুস্থ পরিবেশ বজায় রাখার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানের শুরুতে পর্যটনমন্ত্রী সহ অতিথিগণ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা স্বর্গীয় গোপাল চন্দ্র সাহার মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। উল্লেখ্য, আজ এ উপলক্ষে মেগা রক্তদান শিবিরও আয়োজিত হয়। পর্যটনমন্ত্রী এই শিবিরেরও উদ্বোধন করেন।

এ উপলক্ষে বিদ্যালয়ের স্মরণিকা সন্দীপন এর আবরণ উন্মোচন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয় এলামনির সদস্য বাবুল দেবনাথ। তাছাড়া বক্তব্য রাখেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা কানন মন্ডল। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিদ্যালয় পরিচালন কমিটির সম্পাদক প্রবীর কুমার দাস, জিরানীয়া মহকুমা বিদ্যালয় পরিদর্শক পঙ্কজ দালাল, বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা স্বর্গীয় গোপাল চন্দ্র সাহার পরিবারের সদস্য শঙ্কর চন্দ্র সাহা ও নেপাল চন্দ্র সাহা, রাণীরবাজার বিদ্যামন্দির এলামনি ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সভাপতি গৌতম মজুমদার প্রমুখ। আজ সকালে এ উপলক্ষে মেগা ক্রস কান্ট্রি দৌড় প্রতিযোগিতা হয়। অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কার তুলে দেন অতিথিগণ।
